

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০২.১৫. ১৬ ১০

তারিখ : ১৬ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ।  
৩০ নভেম্বর, ২০১৫ খ্রিঃ।

বিষয় : বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরসমূহের মাঠ পর্যায়ের অফিসের জন্য ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে সংরক্ষিত অফিস স্থানান্তর করা হয়েছে কিনা এবং যথাযথভাবে তাদের কার্যক্রম পরিচালনা করেছে কিনা তা সরেজমিন যাচাই করে প্রতিবেদন প্রদান।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ১৪/০৬/২০০৫ খ্রিঃ তারিখের ইপ/বিবিধ-১৪/২০০১/৬৯৫নং স্মারক এবং ২৫.০৬.২০০৭ তারিখের ইপ/বিবিধ-১৪/২০০১/৮২১ নং স্মারকমূলে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরসমূহের আওতাধীন নিম্নোক্ত মাঠ পর্যায়ের অফিসসমূহের জন্য কক্ষের সংস্থান রাখা হয়েছে (সংযুক্তি-০১, ০২ ও ৩)।

(১) কৃষি সম্প্রসারণ (২) পশু সম্পদ (৩) আনসার ডিডিপি (৪) ডিপিএইচই (৫) বিআরডিবি (৬) শিক্ষা (৭) এলজিইডি।

২। উল্লিখিত অফিসসমূহ ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে স্থানান্তর করা হয়েছে কিনা এবং যথাযথভাবে কার্যক্রম পরিচালনা করেছে কিনা তা সরেজমিন যাচাই এর নিমিত্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পার্শ্বে উল্লিখিত জেলার উপজেলাধীন ইউনিয়ন পরিদর্শন করে প্রতিবেদন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

(১)	জনাব সরোজ কুমার নাথ উপসচিব (সিটি কর্পোরেশন-১ অধিশাখা) স্থানীয় সরকার বিভাগ	বিভাগ	জেলা	উপজেলা	ইউনিয়ন
		ঢাকা	নেত্রকোনা	বারহাট্টা	সদর ব্যতিত যে কোন ইউনিয়ন (বর্ণিত উপজেলায় ইউনিয়ন কমপ্লেক্স ভবন না থাকলে পার্শ্ববর্তী উপজেলা পরিদর্শন করতে হবে)।
		চট্টগ্রাম	ব্রাহ্মণবাড়িয়া	কসবা	
(২)	জনাব মোঃ খলিলুর রহমান উপসচিব (পৌর-১ অধিশাখা) স্থানীয় সরকার বিভাগ	রাজশাহী	বগুড়া	সারিয়াকান্দি	সদর ব্যতিত যে কোন ইউনিয়ন (বর্ণিত উপজেলায় ইউনিয়ন কমপ্লেক্স ভবন না থাকলে পার্শ্ববর্তী উপজেলা পরিদর্শন করতে হবে)।
		খুলনা	কুষ্টিয়া	দৌলতপুর	

৩। উল্লিখিত কর্মকর্তাগণ বর্ণিত ইউনিয়ন পরিষদসমূহ সরেজমিন পরিদর্শন করে স্থানীয় সরকার বিভাগ হতে জারীকৃত পত্রের নির্দেশনা অনুযায়ী ৭টি অফিস ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে স্থানান্তর হয়েছে কিনা তা যাচাই করবেন। সংশ্লিষ্ট কর্মকর্তার নাম, পদবী, কাজের বিবরণ সংগ্রহ করবেন। উল্লিখিত অফিসসমূহের কার্যক্রম সম্পর্কে স্থানীয় ইউপি চেয়ারম্যান, সদস্য এবং স্থানীয় জনসাধারণের সাক্ষাৎকার গ্রহণ করে ১০দিনের মধ্যে ছবিসহ প্রতিবেদন প্রদান করবেন।



(শ্রীয়া আহমেদ)

সিনিয়র সহকারী সচিব

☎ ৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

বিতরণ (কার্যার্থে)ঃ

- ১। জনাব মোঃ খলিলুর রহমান, উপসচিব (পৌর-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ২। জনাব সরোজ কুমার নাথ, উপসচিব (সিটিকর্পোরেশন-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক, নেত্রকোনা/ব্রাহ্মণবাড়িয়া/বগুড়া/কুষ্টিয়া
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।